বংশমালা।

প্রথম ভাগ।

শ্রীনীলকান্ত বসু কর্ত্তৃক

সংগৃহীত

ও

প্রকাশিত।

ময়মনসিংহ

চারু যন্ত্র—মুদ্রিত।

১২৯৪ সাল।

বিজ্ঞাপন।

ব্যক্তি মাত্রেরই আপনাপন বংশাবলী জানাও তাহার এক এক খানা বহি লিপিবদ্ধ করিয়া সযত্নে রক্ষা করা উচিত; বিশেষত আর্য্যবংশজাত ব্রাহ্মণ, ক্ষত্রিয় (কায়স্থ) ও বৈশ্য বর্ণের রাখা নিতান্ত আবশ্যক। কারণ আর্য্যবংশোদ্ভবগণের যে কুলের গৌরব, জাতীয় শ্রেষ্ঠত্ব, বংশ পরম্পরাগত সদ্ব্যবহার ও সদাচার আছে তাহা জ্ঞাত থাকা ও সন্তানগণকে শিক্ষাদান করা উচিত। কারণ এই যে, তাহাতে ঐহিক ও পারত্রিক মঙ্গল বিধান করে। যে ব্যক্তি আপন কুলগৌরব জ্ঞাত আছেন, তিনি আত্ম গৌরব রক্ষা ও উন্নতি সাধন করিতে সযত্ন হন; এবং যে ব্যক্তি পূর্ব্বপুরুষগণের সদ্ব্যবহার জানেন, তিনি আপনিও সদনুষ্ঠানে উদ্যোগী হন এবং অপকর্ম্ম করিতে তাঁহার সঙ্কোচ, লজ্জা, চিত্তগ্লানি উপস্থিত হইয়া তাঁহাকে অসৎ পথ হইতে নিবৃত্ত করিয়া সৎপথে নীত করে। তাহাতেই আর্য্য কায়স্থগণ যাঁহারা বঙ্গদেশে আগত হইয়া আদি বাসস্থান চন্দ্রদ্বীপ প্রভৃতি স্থানে বাস করিতেছেন, তাঁহাদের বংশাবলী ঘটক অর্থাৎ কুলাচার্য্যগণ রক্ষা করিতেছেন আর যে সকল আর্য্য সন্তানগণ বাজু প্রভৃতি অন্যান্য স্থানে স্থাপিত হইয়াছেন, তাহারা যদিও কুলাচার্য্যের সাহায্য হইতে বঞ্চিত হইয়াছেন তথাপি প্রত্যেকেই হস্তে লিখিয়া একএক গ্রন্থ বহি আপনাপন ঘরে রাখিতেন। এই সুরীতি দীর্ঘকাল প্রচলিত থাকিয়া সম্প্রতি একেবারে উঠিয়া গিয়াছে বলিলেও অত্যুক্তি হয় না। এক্ষণ কেহ আর বংশাবলী লিখেন না, পূর্ব্ব পুরুষগণের লেখা বহি যে ছিল তাহা কালক্রমে গৃহদাহ হওয়ায় জ্বলিয়া গিয়াছে অথবা কীটে কর্ত্তন করিয়া বিনষ্ট করিয়াছে, সুতরাং বংশাবলীর বহি কাহার ঘরে পাওয়ার সম্ভব নাই, ক্বচিৎ কোন স্থানে যে এক আধখান বহি অথবা কয়েকটা মাত্র নাম লেখা আছে তাহা বৃদ্ধ মহাত্মাগণের যত্নে ও অন্যের অজ্ঞাতসারে রক্ষিত হইতেছে, সুতরাং তাহা অতি দুর্লভ।

আধুনিক আর্য্যসন্তানগণ দুই শ্রেণীতে বিভক্ত, এক শ্রেণী নব্য সম্প্রদায়ী দ্বিতীয় শ্রেণী প্রাচীন সম্প্রদায়ী। এই উভয় সম্প্রদায়ি লোকই এই বিষয়ে প্রায় তুল্য, নব্য সম্প্রদায়ী সভ্য মহোদয়গণ বড় উদার স্বভাব; তাঁহাদের চন্দন ও বিষ্ঠায় তুল্য জ্ঞান। তাঁহারা বলেন সকল লোকই জগৎপিতা জগ-

…শ্বরের পুত্র, সকলেরই এক রক্ত মাংসের শরীর, জাতি ভেদ মিথ্যা, ছোট বড় সকলেই সমান। সুতরাং তাহাদের বংশাবলী রাখা নিষ্প্রয়োজন …য়াছে।

…হারা আধুনিক লোক অথচ প্রাচীন সম্প্রদায়ী বলিয়া পরিচিত, তাঁহারা …র উদার স্বভাব নহেন। তাহারা কুলীন বলিয়া স্পর্দ্ধা করেন বটে …বলী আলোচনা অথবা রক্ষা করেন না।

…র গৃহ দাহে পূর্ব্বতন বংশাবলী বিনষ্ট হওয়ায় পুনরায় সংগ্রহ করার জন্য … হইয়া অন্যূন দশ বৎসর ঘরে ঘরে অনুসন্ধান করিয়াও সংগ্রহ করিতে …নাম না; তৎপর কোন সদাশয় বিচক্ষণ বৃদ্ধ মহাত্মার নিকট মূলত …শ প্রাপ্ত হইয়া লিখিতে আরম্ভ করত: ক্রমে সংগ্রহ ও কোন কোন …হইতে কতকাংশ উদ্ধৃত করিয়া কিয়ৎ পরিমাণ লিপি করিয়াছি। …ক রাজা আদিশূরের যজ্ঞে আনীত পঞ্চ কায়স্থের জাতি, ধর্ম্মক্রিয়া …ক্ষেপে লিপি করিয়া কেবল রাজুগত কুলীন বসুবংশের বংশাবলী …ন্মধ্যে চক্রপাণির বসুর দ্বারা সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছি। কুলজ, …দগের এবং ঘোষ, গুহ, মিত্র ও দত্ত বংশের বংশাবলী এ পর্য্যন্ত … করিতে পারিনাই বিধায় এই পুস্তকে সন্নিবেশিত হয় নাই।

আমার এই বক্তব্য যে, এই পুস্তকে শ্লোকাদি ও পূর্ব্ব পুরুষ-…ভাব যাহা কিছু লেখা হইয়াছে তৎসমুদয় প্রাচীন বহি হইতে …ছ, কোন অংশই স্বকপোল কল্পিত নয়। ঐ সকল শ্লোকাদির …দি কেহ কিছু বিরুদ্ধ কথা দেখিতে পান, তবে তজ্জন্য আমার …প ও অসন্তোষ প্রকাশ করিবেন না। আমি সবিনয়ে এই …রিতেছি।

…র নাম প্রথমভাগ বংশমালা রাখা হইল। যদি জগদীশ্বর …াণ রাখেন ও অন্য কোন প্রতিবন্ধক উপস্থিত না হয় তবে …লিখিত বংশ সমস্তের বংশাবলী লেখার ইচ্ছা থাকিল ইতি।

শ্রীনীলকান্ত বসু উকীল
সাং ভাদড়া জেলা ময়মনসিংহ
হা সাং টাঙ্গাইল পং কাগমারি।

সূচীপত্র।

ভ্রম সংশোধন।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ পদ	শুদ্ধ পদ।
৬	৪	বাহুস্বোশ্চ	বাহ্বোশ্চ।
৭	৭	সংজ্ঞর্কঃ	সংজ্ঞকঃ।
১০	২	স্তথাদশ্লো	স্তথাদশ্নো।
১০	৬	বৃহৎ ব্রহ্মাখণ্ডে	বৃহৎ ব্রহ্মখণ্ডে।
„	৭	যশ	যম।
„	৮	নীলস সংঙ্ক	নীল সংজ্ঞক।
„	৯	যানি	পদ্ম যোনি।
„	১৩	নাম্নাতত্ত্বংবং	নাম্নাত্বং
„	২৩	মাতৃকা প্রজা	মাতৃকা পূজা।
১১	৯	স্বসিজ্যাচ	ত্বমিজ্যাচ।
২১	২৫	শ্চন্দ্রোপালকৌ	শ্চন্দ্রপালকৌ।
২২	১১	দযালবত্বং	দয়ালত্বং।
„	„	ক্ষমাবত্ববং	ক্ষমাবত্বং।
„	১৪	ক্ষমাবত্ববং	ক্ষমাবত্বং।
২৩	৭	ভদ্র বংজ	ভদ্র বংশজ।
„	২১	ভদ্রোদিম্বরশ্চৈব	ভদ্রোদিগম্বরশ্চৈব
২৬	১৪	কাশ্যপ	কশ্যপ
„	১৯	কশ্বৈব	কশ্চৈব
২৭	১৮	মৃত কৌশিক	ঘৃত কৌশিকি
২৮	১৮	সমান্বিত	সমন্বিত
„	২২	স্তাব	স্তোব
৩০	১১	পদ্যনাভশ্চ	পদ্মনাভশ্চ
„	২৩	লক্ষ্মীধরাক্ষ্য	লক্ষ্মীধরাখ্য
৩৫	৬	কৌ র্নোঃ	কৌ গৌঃ
„	১২	এতেষ্টট্চ	এতেষ্টচ

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ পদ	শুদ্ধ পদ
		২২।	২২।
৫৮	,,	যোগলকৃষ্ণ বসু	যুগলকৃষ্ণ বসু
		২০।	২০।
৬০	,,	রামকৃষ্ণ বসু	বিজয়কৃষ্ণ বসু
,,	,,	গণকপাড়া	গণকপাড়া
,,	,,	সিমুলিয়া বাস	সিমুলিয়া বাস
		২৩।	২০
৬১	,,	রামকৃষ্ণ বসু	রামকৃষ্ণ বসু,
		২১।	২১।
,,	,,	রামকৃষ্ণ বসু	রাজকৃষ্ণ বসু
		৯।	৯।
,,	,,	নাক বসু	শাইক বসু

শ্রীশ্রীহরির্জ্জয়তু।

বংশমালা।

এই সংক্ষিপ্ত সংগ্রহসারে কুলীন কায়স্থগণের বিষয় লেখাই প্রধান উদ্দেশ্য কাজেই অদ্বিতীয় ব্রাহ্মণ পঞ্চজনের বৃত্তান্ত আনুষঙ্গিক রূপে লেখা হইল।

এই একটী প্রবাদ আছে যে, রাজা আদিশূরের যজ্ঞে যে পাঁচ জন ব্রাহ্মণ বঙ্গদেশে আসিয়াছিলেন, তাঁহারাই আদিকুলীন ব্রাহ্মণ, এবং যে পাঁচ জন কায়স্থ (বসু, ঘোষ, গুহ, মিত্র ও দত্ত) আসিয়াছিলেন তাঁহারা আদিকুলীন কায়স্থ বটেন। তাঁহারা জন সমাজে চিরকাল সম্ভ্রান্ত, সদ্বংশজ সদাচারী, ক্ষমবান ও উচ্চপদস্থ বলিয়া সমাদৃত হইয়া আসিতেছেন। এস্থলে এই একটী প্রশ্ন সর্ব্ব সাধারণের অন্তঃকরণে স্বতঃই উপস্থিত হইতে পারে যে তাঁহারা কি জন্য আসিয়াছিলেন, আসিয়া কি কার্য্য করিয়াছিলেন, তাহাদের বংশমর্য্যাদা কিরূপ, তাঁহারা কি জন্য কৌলীন্য পদ প্রাপ্ত হইয়া অপর কায়স্থগণের শির্ষ স্থানীয় হইয়াছেন।

বসু, ঘোষ, গুহ, মিত্র ও দত্ত এই পঞ্চকায়স্থ কি, জাতিতে ক্ষত্রিয়, বা বৈশ্য না শূদ্রই কায়স্থ উপাধি প্রাপ্ত, অথবা কায়স্থ কোন স্বতন্ত্র জাতি বটেন।

এই প্রশ্নের উত্তর — যে, এই পঞ্চকায়স্থ ক্ষত্রিয় রাজবংশোদ্ভব ছিলেন; এবং রাজা আদিশূরও চন্দ্র বংশীয় ক্ষত্রিয় বংশোদ্ভব ছিলেন সত্য, * কিন্তু পতিত দেশে (বঙ্গদেশে) নিবাস বলিয়া তাঁহার ক্ষত্রোচিত তেজ ও সদাচারিত্ব ছিল না। এবং তাঁহার রাজ্য মধ্যে বেদজ্ঞ, ব্রহ্ম তেজে তেজস্বী ও যজ্ঞ দক্ষ ব্রাহ্মণ ও ক্ষত্রিয় ধর্ম্মাবলম্বী শ্রুতিজ্ঞ রাজন্য কেহ ছিল না, সুতরাং কোন যজ্ঞানুষ্ঠান জন্য কাণ্যকুব্জ হইতে যজ্ঞদক্ষ ব্রাহ্মণ ও ক্ষত্রিয় আনয়ন করা তাঁহার আবশ্যক হইয়াছিল। কাণ্যকুব্জাধিপতি রাজা বীরসিংহের সহিত ক্রমে সাতবার যুদ্ধ হওয়ার পর সন্ধিস্থাপন হওয়ায় নিম্ন লিখিত শ্লোকে আদিশূর রাজা পত্র লিখিয়াছিলেন।

"সুকৃত সুকৃত সংহাঃ সর্ব্ব শাস্ত্রার্থ দক্ষা,
লপিত হত বিপক্ষাঃ স্বস্তিবাক্যাঃ শ্রুতিজ্ঞাঃ।
সুজিত সুগতবন্দে গৌররাজ্যে মদীয় যে,
দ্বিজ কুল বরজাতাঃ সানুকম্পা প্রয়ান্তু॥"

অর্থাৎ অনুগ্রহ পুর্ব্বক সর্ব্বশাস্ত্রার্থে দক্ষ, বিপক্ষ পরাজয়ে সমর্থ দ্বিজ কুল সমুদ্ভব দ্বিজ পাঠাইবেন।

মহারাজ বীরসিংহ রাজা আদিশূরের পত্রার্থ আলোচনা করিয়া তাহার সভাস্থ পণ্ডিত মণ্ডলীর পরামর্শানুসারে যজ্ঞকার্য্য নির্ব্বিঘ্নে সম্পাদন করার

---

* আদিশূরের দ্বিতীয় নাম বীরসেন; তিনি পালবংশীয় বৌদ্ধ রাজাদিগের হস্ত হইতে পূর্ব্ব দক্ষিণাংশদেশ স্বরাজ্যভুক্ত ও সেন রাজবংশের স্থাপন করেন।

২। কুলপঞ্জিকাগ্রন্থে আদিশূর রাজা ক্ষত্রিয় বংশ হংস বলিয়াবর্ণিত হইয়াছেন।

৩। বাখরগঞ্জ ও রাজসাহী জেলায় যে দুই খণ্ড তাম্রফলক পাওয়া গিয়াছে তাহাতে সেনরাজগণ সোমবংশোদ্ভব বলিয়া উল্লিখিত হইয়াছে, সুতরাং তাঁহারা চন্দ্রবংশীয় ক্ষত্রিয় বটেন।

৪। আবুল ফাজেল আইন আকবরি গ্রন্থে সেনরাজগণকে কায়স্থ বলিয়াছেন।

সক্ষম দশটি দ্বিজ (পাঁচটি ব্রাহ্মণ ও বসু, ঘোষ, গুহ, মিত্র ও দত্ত এই পাঁচটি কায়স্থ) পাঠাইয়া ছিলেন। (ক)

ঐ দ্বিজগণ অতিশয় তেজস্বী ও শোভা সম্পন্ন ছিলেন। তাঁহারা শ্রুতিজ্ঞ, যজ্ঞানুষ্ঠানে অভিজ্ঞ ও প্রতিজ্ঞানসিদ্ধ এবং বর্ম্মাবৃত ও শস্ত্রধারী ছিলেন। তাঁহারা অশ্বারোহী সৈন্যসহ বেগবান্ অশ্বযোজিত শকটারোহণে উপস্থিত হইলেন। (খ)

পঞ্চ ব্রাহ্মণ গোয়ানে, ঘোষ, বসু, মিত্র অশ্বে ও গুহ শিবিকায় এবং দত্ত গজারোহণে বঙ্গে আগমন করিয়াছিলেন। (গ)

ঐ দ্বিজগণ অশ্বারোহী অসিকবচধারী হইয়া আসিয়াছিলেন। (ঘ) সুতরাং তাহাদের ব্রাহ্মণের কোনচিহ্ন না দেখিয়া এবং যুদ্ধ-বেশে আগত দেখিয়া রাজা আদিশূর বিষাদিত হইয়া সভয়ে একি, একি বলিয়া অন্তঃপুরে প্রবেশ করিলেন। (ঙ)

(ক) কান্যকুব্জ পতিধীরঃ পত্রার্থে বিধৃতসুধীঃ। বিজ্ঞায় পণ্ডিতাঃ সর্ব্বে আদিত্যশ্চাভিমন্ত্রিতঃ। গৌরেশ্বরো মহারাজো রাজসূয় মনুষ্ঠিতং, তদর্থে প্রেরিতা যজ্ঞে উপযুক্ত দ্বিজাদশ॥ ইতি কবিভট্ট শালিবাহনধৃতং।

দ্বিজার্থ—জন্মনা জায়তে শূদ্রঃ সংস্কারৈর্দ্বিজ উচ্যতে। বেদপাঠাত্তু বিপ্রঃস্যাদব্রহ্ম জানাতি ব্রাহ্মণঃ॥

(খ) চলচ্চঞ্চলাশ্বালিযানাঃ প্রবানাঃ বহৎ শ্মশ্রু গুল্ফাতি শোভানলভাঃ। ক্রতুজ্ঞা শ্রুতিজ্ঞাঃ প্রতিজ্ঞান সিদ্ধাঃ, সবর্ম্মাশ্ব শস্ত্রাঃ প্রযতাঃ প্রযাণং॥ ইতি দক্ষিণ রাঢ়ীয় ঘটককারিকা।

(গ) গোয়ানাদাগতা বিপ্রা,অশ্বে ঘোষাদিকা স্ত্রয়ঃ। গজেদত্তকুল শ্রেষ্ঠো নরযানে গুহঃসুধীঃ॥ ইতি দক্ষিণ রাঢীয় কুলাচার্য্য কারিকা।

(ঘ) অসি কবচধনুংষি প্রাদধন্তঃ করেতে, প্রবর [illegible]গারূঢ়া অস্ত্রশস্ত্রৌঘবন্তঃ। নহি ধরণী সুরাণাং কিঞ্চিদাসাদ্যচিহ্নং [illegible]র্মিত কিমিতি কৃত্বা গচ্ছদন্তঃ পুরঃসঃ॥ ইতি দেবীবরঃ।

(ঙ) গোয়ানারোহিতান্ বিপ্রান্ খর্গচম্মাদিভিৰ্যুতান। পরিবেশান্ সমালোচ্য বিষাদো জায়তেহৃদি॥ ইতি দেবীবরঃ।

রাজা বিষাদিত হইয়াছেন জানিতে পারিয়া পঞ্চ ব্রাহ্মণ রাজাকে আশী-র্ব্বাদ দেওয়ার জন্য যে নির্ম্মাল্য আনিয়াছিলেন, তাহা দিতে নাপারিয়া মল্লকাষ্ঠের উপরিভাগে রাখিয়াছিলেন। (চ) তাহাতে ঐ মল্লকাষ্ঠ সজীব হইয়া ফল পুষ্প সংযুক্ত হইল। (ছ) তাহা শ্রবণ করিয়া রাজা আদিশূরের শরীর কাপিতে লাগিল। তখন তিনি দ্বিজ-সমীপে আসিয়া পদানত হইয়া বহুপ্রকার স্তবস্তুতি করতঃ আসন ও পাদ্য প্রদান করিলেন। (জ)

উক্ত দ্বিজগণ কয়েকদিন বিশ্রাম করিয়া পরিশেষে রাজা আদিশূরের সংকল্পিত যজ্ঞ সম্পাদিত করিলেন। যজ্ঞেতে এই কয়েকটি প্রধান বরণের আবশ্যক, যথা—ভূস্বামী, স্বস্তি, ঋদ্ধি, পুণ্যাহ এবং ব্রহ্মা, হোতা, তন্ত্রধার ও সদস্য। তন্মধ্যে ভূস্বামী, স্বস্তি, ঋদ্ধি ও পুণ্যাহ এই কয়েকটী বরণ উক্ত পঞ্চকা-য়স্থ (ক্ষত্রিয়গণ) প্রাপ্ত হইয়াছিলেন। এবং তাঁহারা বিঘ্ন নিবারণ করিয়া যজ্ঞ রক্ষা করিয়াছিলেন।

রাজা আদিসূর যজ্ঞ [illegible]দনান্তে উক্ত পঞ্চব্রাহ্মণ ও পঞ্চ কায়স্থের পরিচয় জিজ্ঞাসা করায় ভাট অর্থা[illegible] তাঁহাদের পরিচয় দিয়াছিলেন। তাহা অন্য স্থলে বিবৃত হইয়াছে। এক্ষণ কেবল তাহাদের নাম ও গোত্র নিম্নে লেখ গেল।

পঞ্চ ব্রাহ্মণের নাম	গোত্র
১। ভট্টনারায়ণ বন্দ্য বংশোদ্ভব	শাণ্ডিল্য
২। দক্ষ	কাশ্যপ
৩। বেদগর্ভ	সাবর্ণ
৪। ছান্দর	বাৎস্য
৫। শ্রীহর্ষ	ভরদ্বাজ

(চ) অশ্রদ্ধা জায়তে রাজ্ঞঃ ইতিজ্ঞাত্বা দ্বিজোত্তমাঃ আশীর্ব্বাদার্থ নির্ম্মাল্যং মল্লকাষ্ঠোপরিস্থিতঃ॥ ইতি দেবীবরঃ।

(ছ) তদাকাষ্ঠং সজীবং স্যাৎ ফল পল্লব সংযুতং। ইতি দৃষ্ট্বা নৃপস্তস্মিন্ কম্পান্বিতর্কলেবরঃ॥ ইতি দেবীবরঃ।

(জ) স্তোত্রঞ্চ বহুধা তেষামকরোৎ সনৃপোত্তমঃ। আসনং পাদ্য-মানীয দদৌ বিনয পূর্ব্বকং॥ ইতি দেবীবরঃ।

পঞ্চ কায়স্থের নাম	গোত্র
১। দশরথ বসু	গৌতম
২। মকরন্দ ঘোষ	শৌকালীন
৩। বিরাট গুহ (নামান্তর) দশরথ গুহ	কাশ্যপ
৪। কালিদাস মিত্র	বিশ্বামিত্র
৫। পুরুষোত্তমদত্ত	মৌদগল্য

উক্ত পঞ্চ ব্রাহ্মণ ও পঞ্চ কায়স্থ স্বর্ণ ও গ্রামাদি বহুবিধ মূল্যবান দ্রব্য তুল্য ভাবে প্রাপ্ত হইয়া স্বদেশে প্রত্যাগত হইলে অপবিত্র বঙ্গদেশে * গমন করায় এবং হীন জাতির দান গ্রহণ করায় প্রায়শ্চিত্য করিয়া পবিত্র হইলেন কিন্তু সম্মান সহ সমাজে থাকিতে পারিলেন না। তাঁহারা কলঙ্কিত ভাবে অবনত হইয়া সমাজে থাকাপেক্ষায় তাহা পরিত্যাগ করিয়া স্থানান্তরে বাস করা উচিত, এই স্থির করিয়া তাঁহারা মহারাজ বীরসিংহের নিকট গৌরে-শ্বরের রাজ্যে বাস করার ইচ্ছা প্রকাশ করিলেন। মহারাজ বীরসিংহ তাহাতে সম্মত হইয়া আদিশূরের নিকট পত্র লিখিলেন। আদিশূর ঐ পত্রের উত্তরে তাহাদিগকে আহ্লাদের সহিত গ্রহণ করিবেন স্বীকার করায় বীরসিংহ ঐ পঞ্চ ব্রাহ্মণ ও পঞ্চ কায়স্থকে সস্ত্রীক ও ভৃত্যগণ সহ পুনর্বার প্রেরণ করিলেন ‡ কায়স্থ হইলেন। উক্ত পঞ্চ ব্রাহ্মণ ও পঞ্চ কায়স্থ পুনরায় বঙ্গদেশে আসিয়া বারঙ্গা চন্দ্রদ্বীপ প্রভৃতি স্থানে ও উত্তর রাঢ় ও দক্ষিণ রাঢ় প্রদেশে বাস করিতে লাগিলেন।

কায়স্থের জাতি ধর্ম্ম ও কর্ম্ম নির্ণয়।

"কঃপ্রজা পতিরাখ্যাত আযোবাহুস্তথৈবচ, তত্রস্থস্তৎ সমুদ্ভূত কায়স্থ ইতি কীর্ত্তিতঃ" ॥ ইতি পরাসরীয় কুলানব।

---

* অঙ্গবঙ্গকলিঙ্গেষু সৌরাষ্ট্র মগধেষুচ। তীর্থযাত্রাং বিনাগচ্ছ পুনঃ সংস্কারমর্হতি।

‡ মহারাজ রাজ আদিশূর মহাত্মা, ত্বযাবীরসিংহস্য মেহস্তাদি সখ্যং। তবাজ্ঞানুসারাদ্ধি প্রস্থাপয়াসি দ্বিজান পঞ্চ গোত্রান্ সদারাদিভৃত্যান ॥

ইতিবঙ্গ কুলাচার্য কারিকা

শ্লোকার্থ—ক শব্দে প্রজাপতি (ব্রহ্মা) আয শব্দে বাহু স্থ শব্দে স্থিত অর্থাৎ ব্রহ্মের বাহুতে থাকিয়া উদভব এইহেতু কাযস্থ, জাতিতে কাযস্থ নহে, কায়স্থ উপাধিতে পরিচিত।

"বাহুস্বোশ্চ ক্ষত্রিয়া জাতাঃ কায়স্থা জগতিতলে। চিত্রগুপ্তঃ স্থিতঃ স্বর্গে বিচিত্রো নাগমণ্ডলে চৈত্ররথঃ সুতস্তস্য যশস্বী কুলদীপর্কঃ। ঋষিবংশে সমুদ্ভূতো গৌতমো নাম সত্তমঃ"॥ তস্য শিষ্যো মহাপ্রাজ্ঞশ্চিত্র কূটাচলাধিপঃ॥ ইতি আপস্তম্ভ শাখা—

শ্লোকার্থ—ব্রহ্মার বাহুজাত ক্ষত্রিয়ই জগতে কায়স্থ সংজ্ঞায় অভিহিত। চিত্রগুপ্ত স্বর্গে এবং বিচিত্র নাগলোকে অবস্থিতি করিলেন। চিত্রগুপ্তের পুত্র চৈত্ররথ চিত্রকুট পর্ব্বতের অধিপতি হইলেন। তিনি গৌতম ঋষির শিষ্য ছিলেন।

ভবিষ্য পুরাণমতে।

"শৃণু গাঙ্গেয় বক্ষামি কায়স্থোৎপত্তি কারণং। নশ্রুতং যৎত্বয়া পূর্ব্বং তন্মে কথযতঃ শৃণু॥ অব্যক্তঃ পুরুষঃ শান্তো ব্রহ্মা লোক পিতামহঃ। যথা সৃজৎ পুরাবিশ্বং কথযামি তব প্রভো॥ মুখতোস্য দ্বিজা জাতাবাহুভ্যাং ক্ষত্রিয়স্তথা। উরুভ্যাঞ্চ তথাবৈশ্যাঃ পদ্‌ভ্যাং শূদ্রাঃ সমুদ্ভবাঃ"॥

ততঃ।

"দশবর্ষ সহস্রানি দশবর্ষ শতানিচ। ততঃ সমাহিত মতের্যদ্ভূতং তদ্‌বদামিতে॥ তচ্ছরীরান্ মহাবাহুঃ শ্যামঃ কমল লোচনঃ। কম্বুগ্রীবোগূঢ়শিরাঃ পূর্ণচন্দ্র নিভাননঃ॥

লেখনী ছেদনীহস্তো মসী পাত্রঞ্চ সংযুতঃ। নিঃসৃত্য দর্শনে তস্থৌ ব্রহ্মণোঽ ব্যক্তজন্মনঃ ॥ উত্তমঃ সুবিচিত্রাঙ্গো ধ্যান স্তিমিত লোচনঃ। ত্যক্ত্বা সমাধিং গাঙ্গেয় তংদদর্শ পিতামহঃ॥ অধোহর্দ্ধন্ত মবীক্ষ্যাথ পুরুষশ্চাগ্রতঃ স্থিতঃ ইত্যাকর্ণ্য ততোব্রহ্মা পুরুষং স্বশরীরজং। প্রহৃষ্য প্রত্যুবাচেদ মানন্দিতমতিঃ পুনঃ। স্থিরচিত্তং সমাধায় ধ্যানস্থ মতিসুন্দরং মচ্ছশরীরাৎ সমুদ্ভূত স্তস্মাৎ কায়স্থ সংজ্ঞকঃ॥ চিত্রগুপ্তেতি নাম্না-বৈখ্যাতোভুবি ভবিষ্যসি॥

ধর্ম্মাধর্ম্ম বিবেকার্থং ধর্ম্মরাজপুরে সদা। স্থিতির্ভবতুতে বৎস মমাজ্ঞাং প্রাপ্যনিশ্চলাং। ক্ষত্রবর্ণোচিতো ধর্ম্মঃ পালনীয় যথাবিধি। প্রজা সৃজস্বভো পুত্র ভুবিভার সমন্বিতঃ॥ তস্মৈদত্ত্বা বরংব্রহ্মা তত্রৈবান্তরধীয়ত॥

পুলস্ত উবাচ।

চিত্রগুপ্তান্বয়ে জাতাঃ শৃণুতান্ কথয়ামিতে।
শ্রীমদ্রা নাগরা, গৌরা, শ্রীবৎসাশ্চৈবমাথুরা।
অহিফেণা, সৌরসেনাঃ সৈরসেনাস্তথৈবচ।
বর্ণাবর্ণ দ্বয়ঞ্চৈব অম্বষ্ঠাদ্যাশ্চ সত্তমঃ॥

শ্লোকার্থ—ভীষ্ম ত্রিকালজ্ঞ পণ্ডিতশ্রেষ্ঠ পুলস্তের নিকট উপস্থিত হইয়া বলিলেন এক্ষণ আমি কায়স্থ জাতির উৎপত্তির কারণ শুনিতে ইচ্ছা করি। যাহারা বৈষ্ণব, দানশীল, পিতৃযজ্ঞ পরায়ণ, সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত, কাব্য ও অলঙ্কার শাস্ত্রের রসজ্ঞ, আত্মীয় স্বজনের বিশেষতঃ ব্রাহ্মণগণের প্রতিপালক এই কায়স্থদিগের বিষয় সবিস্তর বর্ণন করুণ।

পুলস্ত বলিলেন, যিনি স্থাবর জঙ্গমাত্মক সমস্ত বিষয় সৃষ্টি করিয়া এক্ষণ

পালন কবিতেছেন, প্রকাশ কবিলেন, সেই অব্যক্ত পুরুষ ব্রহ্মা যেরূপ পূর্ব্বে জগৎ সংসাব সৃষ্টি কবিলেন তাহা বর্ণন কবিতেছি।

ব্রহ্মাব মুখ হইতে ব্রাহ্মণ, বাহু হইতে ক্ষত্রিয, উরু হইতে বৈশ্য এবং পদ হইতে শূদ্র উৎপন্ন হইয়াছিল। পবে ব্রহ্মা একাদশ সহস্র বৎসব নিঃশ্বাস বায়ু বোধ কবিয়া প্রশান্তভাবে সমাধিস্থ হইয়া বহিলেন। তাহাব পব সমাহিত মতি ব্রহ্মাব শবীব হইতে মহাবাহু, শ্যামবর্ণ অর্থাৎ (তপ্ত কাঞ্চন বর্ণাভ) পদ্ম পলাশ লোচন কম্বুগ্রীব, গূঢ়মস্তক পূর্ণচন্দ্র সদৃশানন লেখনী, ছেদনী ও মসীপাত্র হস্তে বহির্গত হইয়া ব্রহ্মাব সম্মুখে দণ্ডায়মান হইলেন। পিতামহ ধ্যান ত্যাগ কবিয়া সেই বিচিত্রাঙ্গ ও ধ্যান স্তিমিতনেত্র পুরুষোত্তমকে আপাদমস্তক দর্শন কবিতে লাগিলেন। তখন সেই পুরুষ ব্রহ্মাকে বলিলেন, হে তাত আমাব নাম ও কর্ত্তব্য কার্য্যাদি নির্দ্দেশ করুণ।

এই কথা শুনিয়া ব্রহ্মা সন্তুষ্টচিত্তে স্বীয় শবীব জাত সেই পুরুষকে কহিলেন। যেহেতু তুমি আমাব কায়ে উৎপন্ন হইয়াছ, সেই হেতু কায়স্থ সংজ্ঞা প্রাপ্ত হইলে। তুমি পৃথিবীতে চিত্রগুপ্ত নামে বিখ্যাত হইবে। লোকের ধর্ম্মাধর্ম্ম বিচাবার্থ তুমি যমপুবীতে বাস কব। হে বৎস আমাব আদেশে তুমি ক্ষত্রবর্ণোচিত ধর্ম্ম প্রতিপালন কবিবে। হে বৎস তুমি পৃথিবীতে প্রজাবর্দ্ধনে নিযুক্ত হও। ব্রহ্মা তাহাকে এই বব প্রদান কবিয়া অন্তর্হিত হইলেন।

পুলস্ত কহিলেন চিত্রগুপ্তেব বংশে শ্রীমন্ত, নাগব, গৌব, সৌবসেন, সৈবসেন, শ্রীবৎস, মাথুব, অহিফেন, বর্ণাবর্ণদ্বয় এবং অম্বষ্ঠাদি জাতি উৎপন্ন হইয়াছে।

“পুত্রান্ বৈস্থাপযামাস চিত্রগুপ্ত মহীতলে। ধর্ম্মাধর্ম্ম বিবেকজ্ঞ চিত্রগুপ্ত মহামতিঃ। ভূস্থান বোধযামাস সর্ব্বসাধনমুত্তমং! পূজনং দেবতানাঞ্চ পিতৃণাং যজ্ঞসাধনং॥ বর্ণানাং ব্রাহ্মণাঞ্চ সর্ব্বদাতিথী সেবনং। প্রজাভ্যঃকরমাদায় ধর্ম্মাধর্ম্ম বিলোকনং॥ কর্ত্তব্যং হি প্রযত্নেন পুত্র স্বর্গস্থকাম্যযা।”

শ্লোকার্থ—ধর্ম্মাধর্ম্ম বিচাবজ্ঞ চিত্রগুপ্ত, পুত্রদিগকে সর্ব্বসাধন ভূস্থান নির্ণয় শিক্ষা দিয়া ও তদনুসাবে তাহাদেব উপবি লিখিতরূপ নামকবণ করিয়া পৃথিবীতলে প্রতিষ্ঠিত কবিলেন, এবং তাহাদেব এই কযেকটি কর্ত্তব্য কার্য্য

নির্দ্ধাবণ করিয়া দিলেন। দেবতাগণের পূজা, পিতৃগণের তৃপ্ত্যর্থ যজ্ঞাদিব অনুষ্ঠান সর্ব্বদা ব্রাহ্মণগণেবও অতিথীগণের সেবা, প্রজাদিগের নিকট কব গ্রহণ পূর্ব্বক তাহাদের ধর্ম্মাধর্ম্ম কার্য্যেব বিচার প্রভৃতি।

পদ্মপুরাণ মতে কায়স্থের উৎপত্তি।

" সৃষ্টাদৌ সদসৎকর্ম্ম গুপ্তয়ে প্রাণিনাংবিধি।
ক্ষণংধ্যানংস্থিতস্যাস্য ব্রহ্মকায়াদ্ বিনির্গতঃ।
দিব্যরূপপুমান্ হস্তে মসীপাত্রঞ্চ লেখনী।
চিত্রগুপ্ত ইতি খ্যাতোধর্ম্মরাজ সমীপতঃ।
প্রাণিনাং সদসৎকর্ম্ম লেখ্যায সনিরূপিতঃ।
ব্রহ্মণাতিন্দ্রিয়জ্ঞানী দেবোগ্নোর্যজ্ঞভুক্ সবৈ ॥
ভজনাশ্চ সদাতস্মাদাহুতি দীয়তেদ্বিজৈঃ।
ব্রহ্মকায়াদ্ভবো যস্মাৎ কায়স্থবর্ণ উচ্চতে।

শ্লোকার্থ—সৃষ্টি প্রকবণ জিজ্ঞাসাব উত্তরে পদ্মপুবাণে লিখিত আছে; প্রাণিদিগের সদসৎকর্ম্ম অবগত হইবার জন্য ব্রহ্মা কিছুকাল ধ্যানস্থ হইয়া পবে আপনাব কায় হইতে মসীপাত্র লেখনিধাবী দিব্যরূপ একজন পুরুষ উৎপত্তি কবিলেন। তাহাব নাম চিত্রগুপ্ত। তিনি প্রাণিগণের সদসৎ কার্য্যেব লেখ্যকর্ম্মে নিযুক্ত বহিলেন। এবং দেবাগ্নি, হোম, এবং যজ্ঞভাগ গ্রহণেব অধিকাবী হইলেন। দ্বিজগণ তাহাকে আহুতি প্রদান ও অর্চ্চনা কবিয়া থাকেন। চিত্রগুপ্ত ব্রহ্মাব কায় হইতে উদ্ভব বশতঃ জাতিতে কায়স্থ হইলেন। তাঁহার বংশধব কায়স্থগণ নানা গোত্রাবম্বী পৃথিবীতে রহিয়াছেন।

কুলপীযুষ প্রবাহ।

নির্ম্মায় ভুবনং রাজন্ ব্রহ্মালোক পিতামহঃ সৃষ্টিং কৃত্বা বিধানেন কার্য্য কারণ মুত্তমং ॥ নির্ম্মায় বহুল পুত্র প্রণিজাতং তথৈবচ। ধর্ম্মাধর্ম্ম বিবেকার্থং নির্ম্মিতঃ পদ্ম-যোনিনা ॥

যমশ্চ ধর্ম্মরাজশ্চ মৃত্যুরন্তক এবচ। বৈবস্বত স্তথা কালঃ সর্ব্বভূত বিনাশকঃ ॥ ঔরম্বর স্তথাদথ্নোনীল সংজ্ঞক স্তথৈবচ। পরমেষ্ঠী তথাচিত্রো বৃকোদর ইতি শ্রুতঃ ॥ চিত্র গুপ্তো মহীপালঃ সর্ব্ব ধর্ম্ম পরায়ণ। প্রজাপতে স্তনূদ্ভূতো ব্রাহ্মণ সদৃশো মতঃ ২ ॥

শ্লোকার্থ—বৃহৎ ব্রহ্মা খণ্ডে লিখিত আছে, পিতামহ ব্রহ্মা কার্য্য ও কারণ দ্বারা সৃষ্টি করিয়া বহুবিধ প্রাণী সৃষ্টি করিলেন। ধর্ম্মাধর্ম্ম বিচারের নিমিত্ত যশ, ধর্ম্মরাজ, মৃত্যু, অন্তক, বৈবস্বত, কাল, সর্ব্বভূত বিনাশক, ঔবম্বর, দধ্ন, নীলসংজ্ঞ, পরমেষ্ঠী, চিত্র বৃকোদর, চিত্রগুপ্তকে যানি আপন তনু হইতে উৎপন্ন করিলেন। তাহারা **সর্ব্ব ধর্ম্ম** পরায়ণ এবং ব্রাহ্মণের তুল্য মতিমান্ ও ব্রহ্মধর্ম্ম পরায়ণ হইলেন।

বিজ্ঞান তন্ত্রের মত।

ব্রহ্মোবাচ।

নাম্নাতত্ত্বংবং চিত্রগুপ্তোহসি মমকায়াদভূর্যতঃ। তস্মাৎ কায়স্থ বিখ্যাতি র্লোকে তব ভবিষ্যতি ॥ কায়স্থ ক্ষত্রিয় বর্ণো নতু শূদ্রঃ কদাচন। অতোভবেযুঃ সংস্কারা গর্ভধানাদিকাদশ।

শ্লোকার্থ—বিজ্ঞাতন্ত্রে লিখিত আছে; ব্রহ্মা বলিয়াছেন তুমি আমার কায় হইতে উৎপন্ন হইলে তোমার নাম চিত্রগুপ্ত হইল। সর্ব্বলোকে তোমাকে কায়স্থ বলিবে। কায়স্থ ক্ষত্রিয়বর্ণ কথন শূদ্র নহে, এজন্য তোমার গর্ভাধানাদি দশসংস্কারের ব্যবস্থা হইল।

(দশ সংস্কার) ১। গর্ভাধান, ২। তিন মাসে পুংসবন, ৩। অষ্টম মাসে সীমন্তোনয়ন, ৪। জাতকর্ম্ম, ৫। নিষ্ক্রমণ, ৬। নামকরণ, ৭। অন্নপ্রাশন, ৮। চূড়াকরণ, ৯। উপনয়ন, ১০। গায়ত্রী দীক্ষা ব্রহ্মচর্য্য বেদধ্যয়ন যথাবিধি গুরুকুলে বাস পূর্ব্বক বেদাধ্যয়ন ও গায়ত্রী জপ। ১০। মাতৃকা পূজা বসুধারা ও নান্দিমুখ শ্রাদ্ধ করতঃ দারপরিগ্রহ করিয়া গৃহস্থ হওয়া।

স্মৃতির মত।

"গঙ্গানতোয়ং কনকং নধাতু, তৃণং নদর্ভঃ পশবোনগাবঃ।
প্রজাপতেঃ কায়ঃ সমুদ্ভবাচ্চ, কায়স্থ বর্ণা নভবন্তি শূদ্রাঃ ॥"

শ্লোকার্থ—যেমন গঙ্গা, জল নহে ব্রহ্মস্বরূপ; সুবর্ণ ধাতু নহে নারায়ণ স্বরূপ; দর্ভতৃণ নহে পবিত্র স্বরূপ; গাভী পশু নহে দেবী স্বরূপ; তদ্রূপ কায়স্থ বর্ণ শূদ্র নহে ক্ষত্রিয় স্বরূপ।

শব্দকল্পদ্রুম অভিধানেও ক্ষত্রিয় পর্য্যায় কায়স্থ পদ উক্ত হইয়াছে।

আয়ুর্ব্বেদে লিখিত আছে

"শৌচমাস্তিক্য মভ্যাসো বেদেষু গুরুপূজনং।
প্রিয়াতিথি স্বসিজ্যাচ ব্রহ্ম কায়স্থ লক্ষণং ॥

শ্লোকার্থ—চিত্রগুপ্তের সন্তানগণ শুচী, আস্তিক, বেদাভ্যাসে রত গুরু-পূজাসক্ত, অতিথি সেবা ও যাগাদি কর্ম্ম-প্রিয়।

পূর্ব্বোক্ত শাস্ত্র সকল আলোচনায় দেখা যাইতেছে যে, ব্রহ্ম কায়স্থ দিগের বৃত্তি রাজ্য শাসন, প্রজাগণের নিকট হইতে কর গ্রহণ ও সকলের ধর্ম্মাধর্ম্ম বিচার করা এবং একি আচার এবং এক ধর্ম্মাবলম্বী এবং হিন্দু ধর্ম্ম গ্রন্থ দ্বারা প্রমাণ হইয়াছে যে বাহুজাত ক্ষত্রিয়ই জগতে কায়স্থ সংজ্ঞায় উৎপন্ন হইয়াছেন। তখন ব্রহ্ম কায়স্থগণ ও ক্ষত্রিয় যে এক জাতিয় এক বর্ণ তাহাতে আর কিছুমাত্র সন্দেহ হইতে পারে না।

এই সকল গ্রন্থে লিখিত আছে যে ব্রহ্মা পূর্ব্বে ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র জাতি সৃষ্টি করিয়া কতক কাল পরে কায়স্থ (চিত্রগুপ্তকে) সৃষ্টি করিলেন। ঐ কায়স্থবংশধরগণ জাতিতে ক্ষত্রিয় বলিয়া প্রমাণিত হইয়াছেন।

এস্থলে এই তর্ক সাধারণের মনে উদিত হইতে পারে যে, ক্ষত্রিয় জাতির একবার সৃষ্টি হওয়া সত্বে পুনরায় ক্ষত্রিয় সৃষ্টির প্রয়োজন কি? এবং ক্ষত্রিয় জাতির কায়স্থ সংজ্ঞা হইবারইবা তাৎপর্য্য কি?

এই প্রশ্নের মীমাংসা এই যে প্রথমতঃ সত্য যুগে লেখাপড়ার আবশ্যক

ছিল না, কারণ, লোক সকল পরম ধার্ম্মিক ও অত্যন্ত মেধাবান ছিলেন। তাহাদেব স্মবণ শক্তি এমত প্রবল ছিল যে ধর্ম্ম, আচাব, বীতি, নীতি প্রভৃতি সমস্তই স্মৃতিপথে সর্ব্বদা জাগরুক থাকিত। সত্যযুগে পুণ্য ও পূর্ণপাদ ছিল। সত্যযুগের শেষে ও ত্রেতাযুগেব প্রাবম্ভে পুণ্য একপাদ কম হইল, এবং শক্তিও অপেক্ষাকৃত দুর্ব্বল হইল, সুতবাং ধর্ম্ম আচাব, বীতি নীতি প্রভৃতি লিপিবদ্ধ কবিবাব প্রযোজন হইযা উঠিল। সেই জন্যই চিত্রগুপ্ত লেখনী, ছেদনী ও মসীপাত্র হস্তে কবিযা কাযস্থ সংজ্ঞায় উৎপন্ন হইলেন। তদবধি লেখাপড়াব নিযম প্রবর্ত্তিত হইল। *

দ্বিতীয়ঃ এই যে, ক্ষত্রিযজাতি ভিন্ন বাজ্য শাসন ও ধর্ম্মবক্ষা হওযা অন্য কোন জাতি দ্বাবা সুসম্পন্ন হওয়াব সম্ভাবনা নাই, এবং অন্য কাবণ বশতঃ ক্ষত্রিয উপাধি গোপণ বাখিয়া কায়স্থ উপাধি হওযাব প্রযোজন ছিল। পবশুবাম একবিংশতি বাব পৃথিবীকে নিঃক্ষত্রিয় কবিবাব প্রতিজ্ঞা কবিয়া অনেক বাব পৃথিবীকে ক্ষত্রিয শূন্য কবিবাছিলেন। তাহাতে পৃথিবী সমস্ত বাজ্য বাজশূন্য হইয়া অবাজক উপস্থিত হইযাছিল। সুতবাং সেই সময় পৃথিবীব বক্ষাব জন্য সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা কায়স্থ উপাধি প্রদান কবিয়া ক্ষত্রিয প্রধান চিত্রগুপ্তকে সৃষ্টি কবিয়াছিলেন।

পবশুবাম যে যে সময ক্ষত্রিয বিনাশ কার্য্যে ব্রতী হইযাছেন, সেই সেই সময় বহু ক্ষত্রিয সন্তান ক্ষত্রিয উপাধি গোপন কবিযা অন্য উপাধি প্রকাশ কবতঃ প্রাণবক্ষা কবিয়াছেন, যেমন কোচ্ বাজবংশীয ইত্যাদি॥

স্কন্দপুবাণে লিখিত আছে ক্ষত্রিয় চন্দ্রসেন বাজাব গর্ভবতী বনিতা পবশুরামেব ভযে দালভ্য মুনিব আশ্রমে শবণ গ্রহণ করিলে পবশুবাম তাহা জানিতে পাবিযা সেই স্থানে যাইযা ঐ গর্ভস্থ সন্তান বিনাশ কবাব অভিপ্রায় প্রকাশ কবিয়াছিলেন। তাহাতে দালভ্য মুনি বলিলেন, আমি বব প্রদান করিযাছি গর্ভস্থ সন্তান কাযস্থ হইবে॥ পবশুবাম বলিলেন সন্তান কাযস্থেব ক্রিযা সম্পন্ন

---

* পীড্যমানাঃ প্রজাবাক্ষৎ কায়স্থশ্চ বিশেষতঃ। কাযস্থ লেখকাগণ্যা স্তএব রাজবল্লভাঃ॥ ইতি যাজ্ঞবল্ক্য।

দণ্ডধৃত্তান্ নবাণ্ কর্ব্বন্ ধর্ম্মজ্ঞানার্থ সাধকান্। লেখকানপি কায়স্থান্ লেখ্যকৃত্যৈ হিতৈষিণঃ॥ ইতি বৃহৎ পবাশব স্মৃতিব উক্তি।

হউক এই বলিয়া নিবস্ত হইলেন। ঐ গর্ভস্থ সন্তান কায়স্থ সংজ্ঞা প্রাপ্ত হইল, তাহাব বংশধবগণ দালভ্য গোত্র কায়স্থ বলিযা বিখ্যাত।

ত্রযোদশ মনু বৌচ্য মনু ছিলেন, তাহাব পবে চিত্রগুপ্তেব উৎপত্তি হয়, তিনিই চতুর্দ্দশ মনু ও চতুর্দ্দশ যম অর্থাৎ বৈবস্বত মনু এবং তিনিই চতুর্দ্দশ আখ্যায বিবাজিত হইযাছেন। তাহা কুলপীযুষ প্রবাহের বচনে ইতিপূর্ব্বে দর্শান হইয়াছে। যমতর্পণেও এই স্পষ্টতঃ প্রকাশ আছে যথা——

যমায় ধর্ম্ম রাজায় মৃত্যবে চান্তকাযচ, বৈবস্বতায় কালায় সর্ব্বভূত ক্ষয়ায়চ। ঔরম্বরায় দধ্নায় নীলায় পর মেষ্টিনে। মৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈনমঃ ॥

মহাভাবত আদিপর্ব্বে লিখিত আছে বিবস্বান্ সূর্য্য তৎপুত্র বৈবস্বত মনু, অর্থাৎ চতুর্দ্দশ যম, চিত্রগুপ্ত। এই মনুব পুত্রগণই মানব হইয়াছেন।

বৈবস্বতমনু
বেণ ধৃষ্ণু নবিষ্টন্ নাভাগ ঈক্ষাকু কারুষ ইলা শর্য্যাতি পৃষধ্র নাভাগারিষ্ট
এই ঈক্ষাকু হইতেই সূর্য্যবংশীয়
এবং ইলা হইতে চন্দ্রবংশীয়ক্ষত্রিয়
রাজগণের বংশ বিস্তার হইয়াছে।
পুরুরবা
আয়ু
নহুষ
যযাতি
যদু তুর্ব্বসু দ্রুহ্য অনু পুরু
প্রবীর ঈশ্বর রৌদ্রাশ্ব
মনস্যু
শক্ত সংহনন বাগ্মী
ঋচেয়ু কক্ষেয়ু বীর্য্যবান কৃকেয়ু স্থণ্ডিলেয়ু বনেয়ু জলেয়ু তেজেয়ু সত্যেয়ু ধর্ম্মেয়ু
মতিনার
তংসু মহান্ অতিরথ দ্রুহ্য
ইলিন্
দুষ্মন্ত শূর ভীম প্রবসু বসু
মহারথ প্রত্যগ্রহ কুশাম্ব মবেল্ল যদু মৎস্য
(মনীবাহন)

এই বসুচেদী রাজ্যের অধিপতি, তাহার অন্য নাম উপরিচর রাজা; ইহাঁর পুত্র মৎস্য রাজ, এবং কন্যা মৎস্যগন্ধা (পদ্মগন্ধা সত্যবতী)

প্রস্তাবিত মহাভারতাদি গ্রন্থে দেখা যায় যে বৈবস্বত মনু অর্থাৎ চিত্রগুপ্তের বংশধরগণ কায়স্থ সংজ্ঞা প্রাপ্ত হইয়াও অধিকাংশ ক্ষত্রিয় নামে বিখ্যাত হইয়া রাজ্য শাসন ও যুদ্ধকার্য্য সম্পন্ন করিয়াছেন। তাহাদের কায়স্থ উপাধি প্রায় কোন স্থলে দেখা যায় না। তাহার কারণ এই যে, মহাত্মা পরশুরামের ভয় তৎকালে ছিল না। ভার্গব পরশুরাম ত্রেতা যুগের প্রায় মধ্য ভাগেই একবিংশবার ক্ষত্রিয় বিনাশ কার্য্য শেষ করিয়া প্রতিজ্ঞা পূরণ করতঃ তিনি তপস্যা কার্য্যে নিরত হইয়াছিলেন। সুতরাং পরশুরামের তপোনুষ্ঠানের পর ক্ষত্রিয় জাতির বিনাশ ভয় না থাকা হেতু ক্ষত্রিয় উপাধি প্রকাশেই রাজ্য শাসন ও যুদ্ধ বিগ্রহ সম্পন্ন করিয়াছেন। এই জন্য অধিকাংশ ক্ষত্রিয় সন্তানের কায়স্থ উপাধি দেখা যায় না। কেবল তৎকালে যাহারা লেখাপড়ার কার্য্যে অর্থাৎ রাজমন্ত্রী বিচারক ও অন্যান্য কর্ম্মচারী ছিলেন, তাহাদেরই কায়স্থ উপাধি ক্রমাগত চলিয়া আসিয়াছে।

কালক্রমে আর্য্য ক্ষত্রিয় সন্তানগণের রাজত্ব তিরোহিত হইয়া মুসলমান রাজত্ব আরম্ভ হইলে উক্ত ক্ষত্রিয় সন্তান কায়স্থগণ যবন রাজগণের মন্ত্রীত্ব প্রভৃতি প্রধান পদ গ্রহণে নিতান্ত প্রিয়পাত্র হইলে, অনেকে লালা (লাল শব্দের অর্থ মণিমাণিক্য) উপাধি প্রাপ্ত হইয়া নিতান্ত বিখ্যাত হইয়াছেন।

পশ্চিম দেশীয় কায়স্থগণের বসু, ঘোষ, গুহ, মিত্র, দত্ত ইত্যাদি উপাধি পূর্ব্বেও ছিল এখনও আছে। কিন্তু বর্ত্তমান কালে কেবল তাহাদের সামাজিক কার্য্যে ঐসকল উপাধি ব্যবহার ও তদনুসারে বংশমর্য্যাদা প্রকাশ হইয়া থাকে। সাধারণ ব্যবহারে লালা ও সিংহ উপাধিতে কথিত হইতেছে। তাহাদের এখনও যজ্ঞোপবিত আছে এবং ক্ষত্রিয় উপাধি ধারী জনগণের সঙ্গে কোন স্থলে সমকক্ষতা ও কোন স্থলে প্রতিযোগিতা করিয়া সামাজিক ব্যবহার করিতেছেন।

এক্ষণ রাজা আদিশূরের যজ্ঞোপলক্ষে আনীত যে পঞ্চ কায়স্থ বঙ্গে ও রাঢ়ে বাস করিয়া রাজা বল্লালসেন কর্ত্তৃক কুলীন, মৌলিক (মধ্যল্য) উপাধি

প্রাপ্ত হইয়া অপর সকলের (গৌর কায়স্থগণের) শিরোভূষণ স্বরূপ হইয়াছেন; তাঁহাদের বংশ মর্য্যাদার ও কৌলীন্য মধ্যল্য প্রভৃতি পদ প্রাপ্তির বৃত্তান্ত প্রকাশ করা আবশ্যক।

যজ্ঞ সমাপনান্তে রাজা আদিশূর পঞ্চ ব্রাহ্মণ ও পঞ্চ কায়স্থের পরিচয় অবগত হইবার জন্য বিবিধ সম্মান পুরঃসর জিজ্ঞাসা করিলেন। তাহাতে ব্রাহ্মণগণ স্ব স্ব নাম গোত্র ও বংশের পরিচয় প্রদান করিলেন। অনাবশ্যক বলিয়া ঐসকল বিষয় এস্থলে বর্ণিত হইল না। তৎপর পঞ্চ কায়স্থ নিম্নলিখিত রূপে স্বীয় স্বীয় বংশের পরিচয় ও প্রতাপ ব্যক্ত করিলেন। রাজা ও প্রধান পুরুষ দিগের স্বয়ং পরিচয় দিবার প্রথা নাই, অতএব বন্দীগণ (ভাট) কর্ত্তৃক ইহাদের পরিচয় প্রদত্ত হইল।

আদৌ বসু বংশের পরিচয়।

বসুধাধিপ চক্রবর্ত্তিণো, বসুতুল্যা স্ববংশ সম্ভবাঃ ।। বসুধা বিদিতা গুণার্ণবৈর্ণিযতং তেজস্বিনো ভবস্তনঃ দশরথ বিদিতো জগতিতলে, দশরথঃ প্রথিতঃ প্রথম কুলে ।। দশ দিশাং জয়িনাং যশসা জয়ী; বিজয়তে বিভবৈঃ কুল সাগরে। (ইতি অষ্টসিদ্ধি মৌলিকা)

শ্লোকার্থ—পৃথিবীতে বসুগণ সদৃশ প্রতাপশালী বসু নামে এক চক্রবর্ত্তী নরপতি ছিলেন। তাঁহার বংশধরগণ বসু নামে খ্যাতি লাভ করিয়াছেন। তাঁহারাগুণবলে সমস্ত বসুধাতলে প্রসিদ্ধ। তাঁহারা চিরকাল তেজস্বী, সেই বংশের প্রথম কুলজাত, ইহাঁর নাম দশরথ। এই দশরথ কীর্ত্তিবলে দশদিক্ জয়ীদিগকেও জয় করিয়াছেন। এই দশরথই প্রভাববলে কুল সাগরে সর্ব্বজয়ী।

ঘোষ বংশের পরিচয়।

সুকৃতালি কৃতম্বর এয কৃতী, ক্ষিতী দেব পদাম্বুজ চারুরতি।
মকরন্দ ইতি প্রতি ভাতি যতী,দ্বিজ বন্দ্য কুলোদ্ভব ভট্টগতি॥
সচ ঘোষ কুলাম্বুজ ভানুরযংপ্রথি মেন্দু যশাঃ সুবলোক বশঃ।
সততং সুসুখী সুমতিশ্চ সুধীঃশরদিন্দু পয়োঽম্বুধি কুন্দ যশাঃ॥

শ্লোকার্থ—পুন্যজনক কার্য্য পরম্পরাই যাঁহার বসনস্বরূপ, ব্রাহ্মণদিগের প্রতি বিশেষ ভক্তি এবং বন্দ্য কুলোদ্ভব ব্রাহ্মণ ভট্টের শিষ্য কীর্ত্তিমান মহাত্মা মকরন্দ নামে খ্যাত। ইনি ঘোষ বংশরূপ পদ্মের প্রকাশক সূর্য্য স্বরূপ চন্দ্রের ন্যায় নির্ম্মল যশোবিশিষ্ট, সুবলোক জয়ী, সতত সুখী, সুমতি ও সুধী ইনি শরচ্চন্দ্র ক্ষিরসমুদ্র ও কুন্দ কুসুমের ন্যায় নির্ম্মল কীর্ত্তিশালী।

গুহ বংশের পরিচয়।

দ্বিজালি পালনার্থ কোঽপ্যসৌচহর্ষ সেবক।
কুলাম্বুজ প্রকাশক যথান্ধকার দীপক॥
অযং গুহ কুলোদ্ভব দশরথাভিধানো মহান্।
কুলাম্বুজ মধুব্রতো বিবিধ পুণ্য পুঞ্জান্বিতঃ॥
নিশম্য গুহ ভাষিতং সকল সভ্য হাসংবিভুৎ।
সবন্ধু গমনোদ্যতো বিবিধ মান ভঙ্গে যতঃ॥

শ্লোকার্থ—গুহের পরিচয় সময় রাজ সভাস্থগণ গুহ শব্দ শুনিয়া হাস্য করিয়া উঠিলেন, এজন্য তিনি ক্রুদ্ধ হইয়া এরূপ পরিচয় দিয়াছিলেন॥

ব্রাহ্মণদিগকে রক্ষণাবেক্ষণ করিয়া আনিয়াছি এ নিমিত্ত শ্রীহর্ষ দেবের সেবক স্বরূপ গণ্য হইয়াছি। আমার পরিচয় বিশেষ না জানিয়া গুহ বলিয়া সকল সভাসদ্ হাস্য করিলেন। কিন্তু যখন বঙ্গদেশে আগমনের উদ্‌যোগ করিয়াছি তখনই নানা প্রকার অপমানের ভাজন হইয়াছি।

আমি গুহকুলোদ্ভব এবং দশরথ নামক মহাকুলের চন্দ্র স্বরূপ হইতেছি আমি রাজসূয় ইন্দ্রযজ্ঞে যাজ্ঞিক, যজ্ঞক্ষম এবং বিবিধ পুণ্যান্বিত।।

(মিত্র বংশের পরিচয়।)

যশস্বিনাং যশোদরঃ সদাহি সর্ব্বসাদরঃ।
প্রমত্তো মত্তো মত্তোহি শরৎ সুধাংশুবদ্ যশঃ।
প্রতাপ তাপনোত্তপ দ্বিষ্যালি যোষিদা-লিকো।
বিভাতি মিত্রবংশ সিন্ধু কালিদাস চন্দ্রকঃ।

ইতি দেবীবরঃ।

শ্লোকার্থ—এ বংশ সর্ব্বদা সকল লোকের আদরণীয় এবং যশস্বী ও মত্ত মাতঙ্গ সদৃশ বলবান, এবংশের যশঃ শারদীয় চন্দ্রের তুল্য। এ বংশ উত্তপ্ত সূর্য্য সদৃশ ও সূর্য্য বংশের সখি স্বরূপ। ইনি সিন্দু দেশায় চন্দ্র বংশোদ্ভব মিত্রবংশজ, ইহার নাম কালীদাস।

দত্ত বংশের পরিচয়।

অহঞ্চ পুরুষোত্তমঃ কুলভূ দগ্রগণ্য কৃতী।
সুদত্ত কূলোসম্ভবো নিখিল শাস্ত্র বিদ্যোত্তমঃ। ইতি দেবীবরঃ

শ্লোকার্থ—আমি পুরুষোত্তম দত্ত সুদত্তজ্ঞ কুল হইতে উদ্ভব একুল সর্ব্ব কুলাপেক্ষা অগ্রগণ্য ক্ষমবান ধার্ম্মিক, দৈবকর্ম্মানুষ্ঠানরত এবং দেব বংশজ, চতুর্ব্বেদ এবং ষট্ শাস্ত্র অভিজ্ঞ।

অদ্য পর্য্যন্ত (১২৯২ পর্য্যন্ত) প্রায় উনিশ শত চব্বিশ বৎসর গত হইল রাজা আদিসুরের পৌত্র রাজা অনিরুদ্ধের সময় হইতে বঙ্গদেশে বৌদ্ধ ধর্ম্ম প্রচলিত হয়। এই ধর্ম্ম ভারতবর্ষের সর্ব্বস্থানে পরিব্যাপ্ত হইয়া ১১০০, ১২০০ শত বৎসর প্রচলিত ছিল। নাস্তিকের মত ও বৌদ্ধের মত একমত। ব্রাহ্মণ, ক্ষত্রিয় (কায়স্থ,) বৈশ্য, শূদ্র, ও বর্ণ-সঙ্কর সকলেই এই ধর্ম্ম অবলম্বন

করিয়াছিলেন। তাঁহারা সকলেই বলিতে লাগিলেন, জাতি-ভেদ নাই, বেদ কল্পিত গ্রন্থ; উপনয়ন ও যজ্ঞোপবীত ধারণ বৃথা। ব্রাহ্মণ, ক্ষত্রিয় (কায়স্থ) ও বৈশ্য দ্বি-জাতিগণ বৌদ্ধ ধর্ম্মে উপদিষ্ট; বেদানুযায়ী সাবিত্রী সংস্কার ত্যাগ করিলেন। এই সঙ্গে সঙ্গে যজ্ঞোপবীত ও পরিত্যক্ত হইল। কেবল কয়েকজন ব্রাহ্মণ স্বধর্ম্মে নিরত থাকিয়া সর্ব্বদা নাস্তিকগণকে পরাভবের চেষ্টা করিতে লাগিলেন।

এই সময়ে যদিও ব্রাহ্মণ কায়স্থ প্রভৃতি আর্য্য জাতিরা কুলগৌরব রক্ষা করিতে সাধ্যমত চেষ্টা করিতে ছিলেন, কিন্তু সর্ব্বসাধারণের ঐক্যমত না থাকায় নীচ বংশোদ্ভব ব্যক্তিগণও আর্য্য সন্তানগণের সহিত বিবাহাদি সম্বন্ধে মিলিত হইয়া আর্য্য ভাব প্রকাশ করতঃ স্পর্দ্ধা ও গর্ব্ব করিতে লাগিলেন। তাহা অভিজাত্যাভিমানী আর্য্যগণের অসহনীয় হইয়া উঠিল।

কালক্রমে প্রস্তাবিত স্ব-ধর্ম্মাক্রান্ত ব্রাহ্মণগণ নাস্তিকগণকে বিচারে পরাস্ত করিয়া সনাতন হিন্দুধর্ম্ম পুনঃ প্রবর্ত্তিত করিলেন। বৌদ্ধ-ধর্ম্ম দেশান্তরে তাড়িত হইল। এবং কায়স্থ বংশোদ্ভব মিত্র সেনের পুত্র বল্লাল সেন বৌদ্ধ রাজ বিনাশ করিয়া বঙ্গদেশের অধিপতি হইলেন, এবং নানা দেশ অধিকার-ভুক্ত করিলেন। অপর, আর্য্য সন্তানগণের ধর্ম্ম ও পদ-গৌরব রক্ষা করিতে সযত্ন হইলেন।

রাজার সদ্ব্যবহার দর্শনে আশ্বস্ত হইয়া আর্য্য-ব্রাহ্মণ ও কায়স্থগণ আপনাদের কুল-গৌরব চির প্রসিদ্ধ পরিচিহ্নিত ও সীমাবদ্ধ করার জন্য রাজা বল্লাল সেনের নিকট প্রার্থনা করিলেন। মহারাজ তাহাতে প্রোৎসাহিত হইয়া কৌলীন্য প্রথা প্রচলিত করার জন্য নিম্নলিখিত প্রকারে উদ্যোগ ও কার্য্য সম্পন্ন করিলেন।

রাজা বল্লাল সেন কায়স্থগণের মেল বদ্ধ করার জন্য বঙ্গদেশীয় কায়স্থগণকে আনয়ন করিলেন এবং ব্রাহ্মণদিগকে আমন্ত্রণ করিয়া প্রথমতঃ তাঁহাদিগের কুলীন ও শ্রোত্রিয় এই দুই শ্রেণীতে মেল-বদ্ধ করিলেন। মহারাজ ভাবিলেন যে, ব্রাহ্মণগণই সর্ব্ব বর্ণের গুরু ও ব্রাহ্মণই ব্রহ্ম স্বরূপ ও সর্ব্বথা পূজনীয়, সুতরাং তাঁহাদের দাসত্ব পাইলেই ক্ষত্রিয় ও বৈশ্য বর্ণের কৃতার্থতা এবং বিপ্রগণ

উপাধি প্রদান করিলেই সদ্বংশের গৌরব রক্ষা হয়। অতএব ব্রাহ্মণগণের সমগুণ-বিশিষ্ট অর্থাৎ নবগুণ সম্পন্ন (ক) মহাকুলোদ্ভব রাজ বংশদিগকে কুলীন এবং সপ্তগুণ সম্পন্ন (খ) রাজন্যদিগকে মৌলিক উপাধি প্রদান করার অভিপ্রায় করিলেন। মহারাজ বল্লাল সেন কান্যকুব্জাগত পঞ্চ কায়স্থ বংশোদ্ভবদিগকে "বিপ্র-দাস" উপাধি গ্রহণ করিতে বলিলেন। তাহাতে বসু ঘোষ, গুহ, মিত্র, ভাবিলেন আমরা আর্য্য ক্ষত্রিয় কুলোদ্ভব রাজবংশ। বিপ্র সেবায় নিরত থাকা আমাদের পরম ধর্ম্ম। ব্রাহ্মণই ব্রহ্ম উপাস্য পরমেশ্বর। অতএব বিপ্র-দাস এই আর্য্য চিহ্ন ধারণাপেক্ষা সৌভাগ্যের বিষয় আর কি আছে। এই ভাবিয়া তাঁহারা বিপ্র-দাস উপাধি ধারণ করিলেন। তাহাতে রাজা বল্লাল সেন হর্ষচিত্তে তাঁহাদিগকে আলিঙ্গন করিয়া কুলীন বলিয়া মেলবদ্ধ করিলেন। এই প্রকারে বসু, ঘোষ, গুহ, মিত্র, কুলীন (ক) বলিয়া নির্ণিত হইলেন।

(ক) আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থ দর্শনং। নিষ্ঠাশান্তি স্তপো-দানম্ নবধা কুল লক্ষণং॥

শ্লোকার্থ—আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তির্থ দর্শন, নিষ্ঠা, শান্তি, তপ, দান, এই নব গুণ কুলীনের।

(খ) বিদ্যাবাংশ্চ সুচির্ধীরো দাতাচ পরোপকারঃ রাজসেবা দয়াশীল কায়স্থঃ সপ্ত লক্ষণঃ॥

শ্লোকার্থ—বিদ্যাবান, সুচী, ধীর, দাতা, পরোপকারী, রাজকর্ম্মচারী, ও দয়াবান, এই সপ্তগুণসম্পন্ন মৌলিক কায়স্থ।

(ক) ১। রাজবীজী রাজবংশো বিজ্যস্ত কুলসম্ভবঃ মহাকুল কুলীনার্য্য সভ্য সজ্জন সাধবঃ॥ ইত্যমরঃ।

শ্লোকার্থ—যাহারা রাজবংশীয় মহাকুলোদ্ভব আর্য্য, সভ্য, সজ্জন ও সাধু তাহারাই কুলীন।

২। ধর্ম্ম শাস্ত্রার্থ কুশলাঃ কুলীনাঃ সত্যবাদিনঃ। সমঃশক্রৌচ মিত্রেচ নৃপতেঃ স্যুঃ সভাষদঃ॥

শ্লোকার্থ—যাহারা ধর্ম্মশাস্ত্রের অর্থজ্ঞ, সত্যবাদী, ও শত্রুমিত্রে তুল্য ভাবাপন্ন তাহারাই কুলীন।

উক্ত পঞ্চ কায়স্থ মধ্যে দত্ত ভাবিলেন বিপ্রদাস এই পবিত্র উপাধির মর্ম্ম সাধারণ লোকে বুঝিতে পারিবে না, বিশেষ কালক্রমে বিপ্রদাস উপাধি না থাকিয়া কেবল দাস উপাধি থাকিবে, পরিবৃত্তি গর্ভজাত (দাসী গর্ভজাত) ড্যাঙ্গরা কায়েতগণ দাস উপাধি রাচ্য সুতরাং দীর্ঘকাল পরে আর্য্য সন্তানগণও শূদ্র বলিয়া পরিচিত হইবেন। অতএব বিপ্রদাস উপাধি গ্রহণ করা কর্ত্তব্য নয়। তিনি বিপ্রদাস উপাধি গ্রহণ করিতে অস্বীকার করিলেন। তাহাতে রাজা বল্লাল সেন দত্তকে অভিমানী বিবেচনা করিয়া তাঁহাকে মৌলিক (মধ্যল্য) (খ) অর্থাৎ কুলীন অপেক্ষা হীন বলিয়া ব্যক্ত করিলেন। দত্ত, নাগ ও নাথ এই তিন ঘর মধ্যল্য বলিয়া নির্ণিত হইলেন। এবং সপ্তগুণ যুক্ত অন্যান্য রাজন্য বিংশতি ঘর কায়স্থ মহাপাত্র (গ) বলিয়া নির্ণিত হইলেন। এবং হোড় প্রভৃতি দ্বিসপ্ততি ঘর ক্ষত্রিয়, যাহারা কঞ্চুকা গ্রাম কর্ত্তা, নগর পাল, সূত, দ্বারপাল, চর, প্রভৃতি অচলা মহাপাত্র বলিয়া নির্ণিত হইলেন। *

৩। তপস্বিনো দানশীলাঃ কুলীনাঃ সত্য বাদিনঃ। ধর্ম্ম-প্রধানা ঋজবঃ পুত্রবন্তোধনান্বিতাঃ॥ ত্রযোবাসাক্ষিনোজ্ঞেয়াশ্রৌতস্মার্ত্ত ক্রিযাবতাঃ॥

(খ) কুলীন কুলরক্ষার্থং বিবাদেষু মীমাংসয়া। এতেষাং গুণ মাশ্রিত্য মধ্যল্য কুলমুত্তমম। ইতি কুলদীপিকা।

শ্লোকার্থ—কুলীনগণের কুল রক্ষা ও বিবাদ ভঞ্জন করা মধ্যল্য শব্দের অর্থ।

(গ) রাজন্যস্তু নৃপতৌ ক্ষত্রিয়ানাংগণেক্রমাৎ। মন্ত্রী ধী শচীবোহন্যকর্ম্ম শচীবাস্ততঃ॥ মহাপাত্রাঃপ্রধানানি পুরধাস্তু পুরোহিতঃ। দ্রষ্টৰি ব্যবহারাণাং প্রাড্ বিবাকোহক্ষদর্শকঃ॥

* কুলীন ইতি সজ্ঞাঃ স্যাৎ মধ্যল্যশ্চ তথাপরঃ। মহাপাত্রোহচলশ্চৈব ইতি সংজ্ঞা চতুষ্টয়ম্॥ বসু র্ঘোষো গুহো মিত্রো দত্তো নাগশ্চ নাথকঃ। দাসঃ সেনঃ করোদামঃ পালিত্যশ্চন্দ্রো পালকৌ। রাহা ভদ্রৌ ধরো নন্দী দেবঃ কুণ্ডশ্চ সোমকঃ। রক্ষিতাঙ্কুর সিংহশ্চ বিষ্ণু রাঢ্যশ্চ নন্দনঃ। চত্বারোহ গ্র্যাস্ত্রযো মধ্যা মহা পাত্রাঃ পরে তথা। এতেষাং সপ্তবিংশতির্ব্বল্লালেন প্রশংসিতাঃ॥

আর্য্য কায়স্থগণের ঔরষে পবিবৃত্তি গর্ভজাত (দাসী গর্ভজাত ব্যক্তিগণ ডেঙ্গরা কায়েতগণ) যাহারা আর্য্যসন্তান ও আর্য্যপদাভিষিক্ত বলিয়া সম্পর্দ্ধা কবিত, মহাবাজ বল্লালসেন ঐ সকল ব্যক্তিকে কাযেত উপাধি প্রদান কবিলেন। আর্য্য সন্তান বলিয়া যে তাহাবা গৌরব কবিত, তাহা এই সময় হইতে লোপ হইল। তাহাদেব ও অন্যান্য সৎশূদ্র গণের লক্ষণ ‡ নির্দ্দেশ করিলেন। তাহাবা শূদ্রজাতি বলিয়া নির্দ্দিষ্ট হইল।

মহাবাজ বল্লাল সেন, কান্যকুব্জাগত বসু বংশোদ্ভব লক্ষণ ও পুষণ বসুকে এবং ঘোষ বংশোদ্ভব মহাকীর্ত্তি ও চতুর্ভুজ ঘোষকে, গুহ বংশোদ্ভব দশবথ গুহকে, মিত্র বংশোদ্ভব তাবাপতি মিত্রকে, মুখ্য অর্থাৎ শ্রেষ্ঠ কুলীন বলিয়া নির্ব্বাচিত কবিলেন। (১)

---

‡ দেবপূজাবিপ্রভক্তি পিত্রাজ্ঞা বিধিপালনং। দযালবত্বং ক্ষমাবত্ববং ষড্‌বিধং শূদ্রলক্ষণং।

শ্লোকার্থ—দেবগণেব পূজাসক্তি এবং ব্রাহ্মণে ভক্তি, পিত্রাজ্ঞা ও বিধি পালন দযাবত্বং, ক্ষমাবত্ববং এই ছয় লক্ষণ শূদ্রেব॥

(১) বসুবংশেচ মুখ্যৌদ্বৌ নাম্নালক্ষণ পুষনৌ। ঘোষেষু চ সমাখ্যাত শ্চতুর্ভুজ মহাকৃতিঃ॥ গুহে দশবথ শ্চৈব মিত্রে তারা পতিস্তথা। দত্তে নারায়ণ শ্চৈব এতে চ বঙ্গজাঃস্মৃতাঃ॥

অচলা-মহাপাত্র।

হোরশ্চ স্মবকৈশ্চব ধরণী বাণ এবচ। আইচ পৈশূরশ্চৈব সানশ্চ ভঞ্জ বিন্দুকৌ। গুহশ্চবল লোধৌচ শর্ম্মাবর্ম্মাচ ভূমিকঃ। হুইশ্চ রুদ্রকশ্চৈব বাণাদিত্যৌচ পীলকঃ॥ খিলশ্চ গুপ্তশ্চাঞীচ বন্ধুশ্চ শাঞী সংজ্ঞকঃ। হেশশ্চ সুমন্নর্গণ্ডৌ রাণাবাহুস্তদাহকাঃ॥ দানাগনাপমানাখ্যাঃ থাম খেমশ্চতোষকঃ। বৈশ্চাপি ষববেদৌচ ভূতার্ণরকব্রহ্মকাঃ॥ ইন্দ্রশ্চ শক্তিসঙ্গৌচ ক্ষেমাশৌ বর্দ্ধনস্তথা। হেমশ্চ বন্দুকশ্চৈব ভঞ্জঃকীর্ত্তিশ্চশীলকঃ। ধনুগুর্ণৌ যশশ্চৈব মনোরীতিশ্চ দাড়িকঃ। চাকিশ্চশ্যামঃ পুঞীশ্চ গণ্ডকো নাদকস্তথা॥ বোইশ্চ হোমশ্চৈব চাশকশ্চ তথৈবচ। ঢোলশ্চ দূতকশ্চেতি দ্বিসপ্তত্য চলাঃস্মৃতাঃ॥

ইতি ঘটকরামানন্দশর্ম্মাকৃতকুলদীপিকা।

দত্তবংশীয় নারায়ণ দত্তকে, নাগবংশীয় দশরথ নাগকে ও নাথবংশীয় মহানন্দ নাথকে মধ্যল্য বলিয়া নির্ব্বাচিত করিলেন।

দাসবংশীয় চন্দ্রশেখর দাস, সেনবংশজাত গঙ্গাধর সেন, করবংশজাত দামোদর কর, দামবংশোদ্ভব উষাপতি দাম, পালিতবংশজাত জনসংজ্ঞক পালিত, চন্দ্র-বংশোদ্ভব নারায়ণ চন্দ্র, পালবংশজ আর পাল, নন্দীবংশজ প্রভাকর নন্দী, দেববংশজ কেশব দেব, কুণ্ডবংশোদ্ভব অধিপতি কুণ্ড, সোমবংশজাত চন্দ্রধর সোম, রাহাবংশজাত কৃষ্ণ রাহা, ভদ্রবংজ দিগম্বর ভদ্র, ধরবংশজাত ব্যাস ধর, সিংহবংশজাত রত্নাকর সিংহ, রক্ষিতবংশজ নারায়ণ রক্ষিত, অঙ্কুরবংশজাত বেদগর্ভ অঙ্কুর, বিষ্ণুবংশজ দৈত্যারি বিষ্ণু, আঢ্যবংশজ ত্রিলোচন আঢ্য, নন্দন-বংশজ উষাপতি নন্দন, এই বিংশতি জন মহাপাত্র বলিযা নির্ণিত হইলেন। মহা-রাজ বল্লাল সেন কর্ত্তৃক বঙ্গদেশে এই সকল কাযস্থগণ নির্দ্দেশিত হইয়াছেন। (২)

মহারাজ বল্লাল সেন কাযস্থদিগের কৌলীন্য পদ্ধতির মেল বদ্ধ করিয়া তৎসম্বন্ধে নানাবিধ নিয়ম সংস্থাপন করিলেন। যথা—সপর্য্যায় ও সমঘরে কন্যা দান ও কন্যা গ্রহণ করা উত্তম। পরস্পর প্রতিজ্ঞা করিবেন, যদি কন্যার অভাব হয তবে কুশত্যাগ করা কর্ত্তব্য। পর্য্যায়ক্রমে যিনি কুলীনের কন্যা গ্রহণ ও কুলীনকে কন্যাদান করেন তিনি কুল দীপক। কুলধর্ম্ম চারি প্রকার; যথা—আদান, প্রদান, কুশত্যাগ ও ঘটকের সম্মুখে প্রতিজ্ঞা। (১)

---

(২) নাগে দশরথশ্চৈব মহানন্দশ্চ নাথ কঃ। চন্দ্রশেখর দাসস্তু সেনে গঙ্গাধর স্তথা। দামোদরঃ করঃ খ্যাতো দাম উষাপতি স্তথা। পালিতে জন সজ্ঞ-স্যাৎ চন্দ্রে নারায়ণাখ্যকঃ॥ পালে আরঃসমাখ্যাতো রাহা বংশে চ কৃষ্ণ কঃ। ভদ্রোদিম্বরশ্চৈব ধরেতু ব্যাস সজ্ঞকঃ॥ প্রভাকরস্তু নন্দীস্যাৎ কেশবো দেব-বংশজঃ। অধিপতি বিখ্যাতঃ কুণ্ডবংশে প্রকীর্ত্তিতঃ॥ সোমেচন্দ্র ধরশ্চৈব সিংহে রত্নাকর স্তথা। নারায়ণঃ সমাখ্যাতো রক্ষিতে চ তথা পরে॥ বেদ-গর্ভাঙ্কুরশ্চৈব দত্যারি বিষ্ণুঃ সংজ্ঞকঃ। আঢ্য ত্রিলোচনঃ খ্যাতো নন্দনে চ উষাপতিঃ॥ এতে বঙ্গজানির্দ্দিষ্টা বল্লালেন মহাত্মনা॥ ইতি দেবীবর।

(১) সপর্য্যায়ং সমাসাদ্য দানগ্রহণমুত্তমং। কন্যাভাবে কুশত্যাগঃ প্রতিজ্ঞা বা পরস্পরং। কুলীনস্য সুতাংলব্ধা কুলীনায় সুতাংদদৌ। পর্য্যায় ক্রমত শ্চৈব সএব কুলদীপকঃ॥

বিপর্য্যায় বিবাহ করিলে কুল থাকিবেক না। বাগ্দত্তা কন্যার নির্দ্ধারিত বরের সহিত বিবাহ না হইলে ঐ কন্যা রণ্ডা নামে খ্যাত হয়। রণ্ডাকন্যাকে বিবাহ করিলে কুল থাকিবে না। বংশহীন ব্যক্তিও নিষ্কুল হইয়া থাকে। পোষ্যপুত্র গ্রহণ করিলে ঐ পুত্রের কুল থাকিবে না। ডেঙ্গরা কায়েতের সহিত সম্বন্ধ করিলে কুলক্ষয় অর্থাৎ পতিত হইবে। (২)

বঙ্গবাসী কায়স্থগণ বঙ্গীয় (বঙ্গজ) দক্ষিণ রাঢবাসী, দক্ষিণ রাঢীয়, উত্তর রাঢ বাসী উত্তর রাঢীয়, বরেন্দ্রভূমিবাসী বারেন্দ্র বলিয়া খ্যাত। তদনুসারে সম্বন্ধ চতুষ্টয়ে মেলবদ্ধ হইয়াছে। (৩)

